

# পাবিপ্রবিতে শুন্ধাচার বিষয়ে প্রশিক্ষণ

পাবনা প্রতিনিধি

১৫ মার্চ ২০২৩ ১২:০০ এএম

| আপডেট: ১৪ মার্চ ২০২৩

১১:১৩ পিএম

1  
Shares

বস্তু খোজুন সকল

## আমাদের মধ্যে

advertisement

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পাবিপ্রবি) জাতীয় শুন্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ে গতকাল মঙ্গলবার শিক্ষকদের দিনব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালাটি সকাল ১০টায় উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) পরিচালক অধ্যাপক ড. মীর খালেদ ইকবাল চৌধুরী। কর্মশালায় রিসোর্স পারসন ছিলেন বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের পরিচাল (প্রশাসন) মোহাম্মদ রাজিবুল ইসলাম। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. শেখ রাসেল আল-আহমেদ এবং সহযোগী অধ্যাপক ড. মো. নূর আলম। কর্মশালাটি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের ভার্চুয়াল ক্লাসরুমে অনুষ্ঠিত হয়।

ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের উদ্যোগে দুটি ব্যাচে ১২০ জন শিক্ষক প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রথম ব্যাচে সকাল ১০টা হতে দুপুর সাড়ে ১২টা ৬০ জন এবং দ্বিতীয় ব্যাচে দুপুর আড়াইটা থেকে বিকাল ৪টা পর্যন্ত ৬০ জন শিক্ষক কর্মশালায় অংশগ্রহণ করেন।